**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল হারলেমে শহুরে চাষাবাদ অগ্রসর করার জন্য অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন ব্যবস্থা ঘোষণা করলেন

***নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ হারলেম গ্রোউন এবং EPRI-র সাথে যোগ দিচ্ছে সহযোগিতামূলক প্রদর্শনীতে স্থানীয় তরুণদের শহুরে চাষাবাদ, টেকসই হওয়া এবং পুষ্টির ব্যাপারে শিক্ষা প্রদানের জন্য***

***খাদ্য কন্টেইনার ফসল স্থানীয় সম্প্রদায়ের সদস্যদের জন্য সারাবছর সবজি উপলভ্য করবে***

***প্রকল্পের গবেষণা অধ্যয়ন জলবায়ু কর্মকাণ্ড সম্পর্কে জানাবে, শক্তি ও পরিবেশগত প্রভাব মূল্যায়ন করবে, এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস পরিমাপ করবে***

***অভ্যন্তরীণ চাষাবাদ কন্টেইনারের ছবি উপলভ্য এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে হারলেমে অভ্যন্তরীণ চাষাবাদের পাইলট কর্মসূচি ঘোষণা করলেন যা স্থানীয় সুবিধাবঞ্চিত পরিবারের জন্য সারা বছর তাজা ফল ও সবজির উপলভ্যতা বৃদ্ধি করবে এবং সবথেকে সেরা অভ্যন্তরীণ ফসল ফলানোর পরিবেশ এবং ফসল উৎপাদন সম্পর্কে জাতীয় গবেষণাকে অগ্রসর করবে। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) কর্তৃক অর্থায়িত এবং শক্তি গবেষণা ও বিকাশ (Research and development, R&D) প্রতিষ্ঠান বৈদ্যুতিক শক্তি গবেষণা ইনস্টিটিউটের (Electric Power Research Institute, EPRI) নেতৃত্বাধীন একটি বহু-স্টেট প্রদর্শনীর অংশ, নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority) ভবনের বাইরের একটি ভবনে বড় শিপিং কন্টেইনার সম্প্রদায়সমূহকে সারাবছর ফসল উৎপাদন করতে দিবে, স্বাস্থ্যকর অভ্যাস তৈরি করতে দিবে এবং টেকসই হওয়া ও পরিবেশগত সমস্যা সম্পর্কে শিখতে দিবে। হারলেম গ্রোউন (Harlem Grown), একটি স্থানীয় অলাভজনক সংগঠন, খাদ্য উৎপাদনের ব্যবস্থাপনা করবে এবং সম্প্রদায়ে বিতরণ সমর্থন করবে। প্রকল্পটি এছাড়াও তদন্ত করবে কীভাবে উৎপাদন বৃদ্ধি করা যায় এবং সংস্থান ব্যবস্থাপনা করা যায়, একই সাথে সংশ্লিষ্ট গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ ও পানির ব্যবহার হ্রাস করা যায়। প্রকল্পটি জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষার আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করে, যার জন্য

নিউ ইয়র্ককে আবশ্যিকভাবে 2030 সালের মধ্যে এর গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 40 শতাংশ হ্রাস করতে হবে এবং 2050 সালের মধ্যে কমপক্ষে 85 শতাংশ হ্রাস করতে হবে।

"সারা বছরের অভ্যন্তরীণ চাষাবাদ দিয়ে আমাদের সম্প্রদায়গুলির কাছে তাজা, স্বাস্থ্যকর ফসল স্থানীয়ভাবে উৎপাদন করার এবং আরো টেকসই নিউ ইয়র্ক গড়ে তোলার সুযোগ থাকবে," **গভর্নর হোকল বলেন।** "আমি হারলেমে এই হাইড্রোপনিক বাগান ঘোষণা করতে পেরে গর্বিত, যা স্থানীয় পরিবারগুলিকে স্বাস্থ্যকর খাদ্য প্রদান করবে এবং আগামী প্রজন্মের শহুরে চাষীদের শিক্ষিত করবে। যেহেতু আমরা শহুরে ফসল উৎপাদনের পরিবেশ ও শক্তি প্রভাব সম্পর্কে আরো জানতে পারছি, নিউ ইয়র্ক তাই আমাদের পরিচ্ছন্ন শক্তি ও গ্রিনহাউজ গ্যাস হ্রাস লক্ষ্যে আরেকটি দেশের মধ্যে শীর্ষস্থানীয় পদক্ষেপ গ্রহণ করছে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ এবং প্রকল্পের আয়োজকেরা আজকে প্রকল্প শুরু হওয়া উদযাপন করেছে এবং হারলেমের নতুন ব্যবস্থাটি পরিদর্শন করেছে - যা একটি হাইড্রোপনিক গ্রিনহাউজ যা মাটিহীন পরিবেশে ফসল উৎপাদন করে। অলাভজনক EPRI-র নেতৃত্বে একটি জাতীয় সহযোগিতামূলক গবেষণা প্রচেষ্টার অংশ হিসেবে, হারলেম চাষাবাদ প্রকল্পটি অভ্যন্তরীণ কৃষির পরিবেশগত, শক্তি এবং সম্প্রদায়ের প্রভাব সম্পর্কে শিক্ষা বৃদ্ধি করতে সাহায্য করবে। এই শিক্ষা স্থানীয়, অভ্যন্তরীণ ফসল উৎপাদনের টেকসই হওয়া সম্পর্কে আরো বিস্তৃত উপলব্ধিকে অবগত করবে, যার মধ্যে শক্তি ও পানির ব্যবহার অন্তর্ভুক্ত থাকবে। এছাড়াও যা জানা যাবে তা সম্প্রদায়ের নিযুক্তি বৃদ্ধি করতে, প্রযুক্তি ও কৃষির উপর শিক্ষামূলক সুযোগ প্রদান করতে, স্থানীয় কর্মসংস্থান তৈরি উদ্দীপিত করতে এবং স্থানীয় ফসলের উপলভ্যতা সম্প্রসারণ করতে সাহায্য করবে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের পরিবেশগত ন্যায়বিচার (Environmental Justice) দল, যারা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের গবেষণা, প্রযুক্তি, বিকাশ ও উদ্ভাবন (Research, Technology Development and Innovation) কর্মসূচির দ্বারা 250,000 মার্কিন ডলারের কর্মসূচিটি অর্থায়িত করছে, 40-ফুট শিপিং কন্টেইনারটি রাখার ব্যবস্থা করেছে যেটিকে ব্র্যান্ড করা হয়েছে, "ফল ও সবজি লাগানো। স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন।" বাইরের আবহাওয়া প্রভাবিত করতে পারবে না এমন কন্টেইনারটিকে 140তম স্ট্রিটের একটি খোলা লটে বসানো হয়েছে যা P.S. 139 সিনিয়র সেন্টারের পাশে, যেটিকে বর্তমানে একটি ঘরের বাইরের বাগান ও বৈঠকের স্থানে রূপান্তরিত করা হচ্ছে।

**নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ আমাদের ফ্যাসিলিটির আশেপাশের সম্প্রদায়সমূহকে স্থানীয়ভাবে উৎপাদিত স্বাস্থ্যকর সংস্থান প্রদান করার একজন সক্রিয় সমর্থক ও অংশীদার হতে পেরে গর্বিত। কমবয়সীদের শিক্ষিত করা এবং একইসাথে শিল্পখাতের অনুশীলন উন্নত করা এবং স্বাস্থ্যকর ফসল উৎপন্ন করা সব দিক থেকেই বিজয়। একটি ইউটিলিটি হিসেবে, শক্তির বুদ্ধিমান ব্যবহার সবসময়ে চিন্তার শীর্ষে থাকে এবং আমরা বুঝতে চাই কীভাবে অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন স্টেটের গ্রিড ও বিদ্যুৎ ব্যবহারকে প্রভাবিত করবে এবং একইসাথে স্থানীয় পরিবারগুলির জন্য একটি নির্ভরযোগ্য সারা বছরের খাদ্য উৎস প্রদান করবে।"

**স্টেটের সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন,** "আমি গভর্নর হোকল এবং হারলেম গ্রোউনের উদ্যোগের কাজ সমর্থন করতে পেরে গর্বিত, যাদের একটি উদ্ভাবনী, শিক্ষামূলক, পরিবেশগতভাবে সচেতন এবং পুনরাবৃত্তির যোগ্য মডেল রয়েছে যা আমাদের তরুণদেরকে অমূল্য দক্ষতা ও শিক্ষা প্রদান করতে পারে এবং একইসাথে পরিবারগুলিকে স্থানীয়ভাবে উৎপন্ন ফসল সরবরাহ করতে পারে। আমি আন্তরিকভাবে আশা করছি যাতে এই ধরনের স্থানীয় প্রকল্প আমাদের সম্প্রদায়ের অন্যান্য প্রয়োজনীয় বিনিয়োগ যেমন সত্যিকারের সাশ্রয়ী আবাসনের সাথে মিলে সমৃদ্ধি করে।"

হারলেম প্রকল্পটি একটি পরিবর্তিত এবং ব্যাপকভাবে ইন্সুলেটেড শিপিং কন্টেইনটারকে একটি নিয়ন্ত্রিত পরিবেশের স্থান হিসেবে পরিচালনা করবে যা বৈদ্যুতিক প্রযুক্তি ব্যবহার করে সারা বছর তাজা, স্থানীয় সবজি উৎপাদন করবে। স্থানীয়ভাবে তাজা পণ্য পাওয়ার সুযোগ বৃদ্ধি করার পাশাপাশি, অভ্যন্তরীণ কৃষি শিপিং ব্যয় হ্রাস করে এবং ফসল উৎপাদনের ক্ষেত্রে জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস বা নির্মূল করে। অভ্যন্তরীণ কৃষি এছাড়াও কীটনাশকের প্রয়োজন হ্রাস বা নির্মূল করতে পারে এবং বিশেষ কিছু ফসলের জন্য পানির ব্যবহার ব্যাপকভাবে হ্রাস করে।

ফসল উৎপাদন এবং বিতরণ করবে হারলেম গ্রোউন, প্রকল্পের প্রাকৃতিক অংশীদার, তারা চারটি কেন্দ্রীয় খামার, দুইটি হাইড্রোপনিক গ্রিনহাউজ এবং ছয়টি অংশীদারির বাগান পরিচালনা করে যা প্রতি বছর হারলেম সম্প্রদায়ে বিনামূল্যে বিতরণের জন্য 5,000 পাউন্ডের বেশি খাদ্য উৎপাদন করে। পাশাপাশি, সংগঠনটি মেন্টরশিপ ও অংশীদারিত্বের মাধ্যমে সম্পূর্ণ সম্প্রদায়কে প্রভাবিত করতে চায়। এটি এর খামারগুলিতে শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য বিনামূল্যে পুষ্টি শিক্ষা প্রদান করে, যেখানে সম্প্রদায়ের সদস্যরা সকল ফল ও সবজির গাছ লাগাতে, দেখাশোনা করতে এবং ফসল তুলতে শিখে। এছাড়াও এটি একটি মোবাইল শিক্ষা রান্নাঘর পরিচালনা করে কাছের হারলেম স্কুল, হাউজিং ডেভেলপমেন্ট, এবং সম্প্রদায়ের সংগঠনগুলিতে খাদ্য শিক্ষা ও রান্নার ক্লাস নিয়ে যাওয়ার জন্য।

**হারলেম গ্রোউনের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা টনি হিলারি বলেন,** "আমরা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, EPRI এবং নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের সাথে শহুরে চাষাবাদের এই বিপ্লবী প্রকল্পের অংশ হতে পেরে সম্মানিত এবং আনন্দিত। হারলেম গ্রোউন সম্প্রদায়ের জন্য বর্তমান, এবং এই অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন ব্যবস্থা আমাদেরকে সকল বয়ঃগোষ্ঠীর সাথে কাজ করার আরো সুযোগ দিবে - আমাদের তরুণদের থেকে শুরু করে এলাকার বয়োজ্যেষ্ঠদের পর্যন্ত। আমাদের চাষাবাদের স্থান শহরে সীমিত তাই আমাদেরকে সারাবছর তাজা, স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্য প্রদান করার পন্থার ব্যাপারে উদ্ভাবনী এবং অগ্রসর চিন্তার হতে হবে। এই প্রকল্পটি চাষাবাদের থেকেও অনেক বেশি কিছু; এটি খাদ্য এবং পরিবেশগতভাবে টেকসই হওয়া এবং খাদ্য ন্যায়বিচারও।"

চাষাবাদের অনুশীলন নিয়ে নিরীক্ষার পাশাপাশি, প্রকল্পটি কীভাবে অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন স্টেটের বৈদ্যুতিক ও ইউটিলিটি গ্রিডকে প্রভাবিত করতে পারে সেই মূল্যায়নও করবে। বিদ্যুৎ ও পানির ব্যবহার পর্যবেক্ষণ, প্রযুক্তিগত উদ্ভাবন, এবং টেকসই হওয়ার বিবেচনাসমূহ নির্ণয় করতে

সাহায্য করবে যে কীভাবে অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন ফ্যাসিলিটিসমূহ ও শক্তি প্রদানকারীরা একত্রে সেরা কাজ করতে পারে।

**EPRI-র টেকসই হওয়া ও ইকোসিস্টেম স্টুয়ার্ডশিপের (Sustainability and Ecosystem Stewardship) পরিচালক মরগান স্কট বলেন,** "নিয়ন্ত্রিত পরিবেশের কৃষি গবেষণার একটি আশাপ্রদ ক্ষেত্র যেখানে সম্প্রদায়সমূহ এবং শক্তি অংশীদারেরা আরো টেকসই কৃষি পদ্ধতি তৈরিতে সাহায্য করতে পারে যা স্থানীয়ভাবে তারা যেইসব সম্প্রদায়ে সেবাদান করে তাদের জন্য লাভজনক হবে। আমরা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের সাথে হারলেমে এবং গ্রেটার নিউ ইয়র্ক সম্প্রদায়ে আমাদের সহযোগিতামূলক কাজ সম্প্রসারণ করতে উন্মুখ।"

হারলেম যোগ দিলো দেশব্যাপী কয়েক ডজন নিয়ন্ত্রিত পরিবেশের খামারের সাথে যাদের নিয়ে EPRI অধ্যয়ন করছে, যার মধ্যে মেট্রো বাফেলো এলাকায় সেবাদান করার জন্য 2020 সালে শুরু করা একটি একই ধরনের পাইলট প্রকল্প রয়েছে। এখন পর্যন্ত, বাফেলো খামার 1,200 পাউন্ডের বেশি কেইল উৎপাদন করেছে যা স্থানীয় পরিবারগুলিতে ফিডমোর WNY (FeedMore WNY) পুষ্টি কর্মসূচির অংশ হিসেবে বিতরণ করা হয়েছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের পরিবেশগত ন্যায়বিচার দল পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি এবং টেকসই হওয়ার ব্যাপারে শিক্ষামূলক কর্মসূচি প্রদান করে, এবং NYPA-র বিদ্যুৎ সম্পদের কাছে অবস্থিত সুবিধাবঞ্চিত এবং কম সংস্থান আছে এমন সম্প্রদায়গুলির চাহিদা পূরণের জন্য সংস্থান প্রদান করে। NYPA ছোট পরিচ্ছন্ন পাওয়ার প্ল্যান্ট পরিচালনা করে নিউ ইয়র্ক সিটির ছয়টি সাইটে। দলটি বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল এবং গণিত (science, technology, engineering and math, STEM) কর্মসূচি পরিচালনা করবে এবং হারলেম গ্রোউনের তরুণদের সাতে সম্প্রদায়ের ইভেন্ট আয়োজন করবে।

**পরিবেশগত ন্যায়বিচারের ভাইস প্রেসিডেন্ট লিসা পেইন বলেন,** "নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ যেখানে কাজ করে সেখানকার স্থানীয় সম্প্রদায়ের সদস্যদের জীবন উন্নত করতে কাজ করে তারা অন্যথায় পেতো না এমন কর্মসূচি ও সংস্থান তাদেরকে প্রদান করার মাধ্যমে। অভ্যন্তরীণ খাদ্য উৎপাদন একটি ক্রমবর্ধমান শিল্পখাত এবং এই জাতীয় প্রদর্শনী থেকে পাওয়া শিক্ষা পুরো মার্কিন যুক্তরাষ্ট্রের সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে একটি মুখ্য প্রভাব ফেলতে পারে। টেকসই হওয়া এবং সবুজ প্রযুক্তির সারাবছরই তাজা স্থানীয় ফসল পাওয়ার সুযোগ বৃদ্ধি, পানি ও কীটনাশক ব্যবহার হ্রাস, এবং অভাবে থাকা আমাদের বহু প্রতিবেশীদের জন্য খাদ্য নিরাপত্তা বৃদ্ধি করার সম্ভাবনা রাখে।"

## নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু

নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418